গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
গুরুদয়াল সরকারি কলেজ
কিশোরগঞ্জ

তারিখ ঃ ২২/০১/২০২৪ খ্রি.

## ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি সংক্রান্ত জরুরি তথ্যাবলী :

অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও করণীয়

| করণীয় | তারিখ |
|---|---|
| অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ | ২২/০১/২০২৪ থেকে ১১/০২/২০২৪ তারিখ পর্যন্ত |
| প্রাথমিক আবেদন ফি বাবদ ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা **বিকাশ** অ্যাপের মাধ্যমে জমা দেওয়ার তারিখ | ২৩/০১/২০২৪ থেকে ১২/০২/২০২৪ তারিখ পর্যন্ত |

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন (Login) | আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) **Honours Tab**-এ গিয়ে **Apply Now (Honours)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড/ বিশ্ববিদ্যালয়, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, জাতীয় বিশবিদ্যালয়ের পক্ষ থেকে ভবিষ্যতে শিক্ষার্থীর শিক্ষা সহায়ক সকল তথ্য প্রদানের ক্ষেত্রে এই মোবাইল নম্বরটি ব্যবহার করা হবে। |
| সঠিক লিঙ্গ (Gender) নির্ধারণ | এ পর্যায়ে আবেদনকারীর অনলাইনে সংরক্ষিত ডাটাবেজের তথ্য অনুযায়ী **Male/Female** প্রদর্শিত হবে। আবেদনকারীর তথ্য ছকে **Male** এর স্থলে **Female** বা **Female** এর স্থলে **Male** প্রদর্শিত হলে **Click to Change** অপশনে গিয়ে সঠিক **Gender** এন্ট্রি দিতে হবে। |
| কলেজ পছন্দ | আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাভিত্তিক যে কোন কলেজের নাম **Select** করলে সংশিষ্ট কলেজে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির অধিভূক্ত বিষয়সমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। |
| বিষয় পছন্দক্রম | ওয়েবসাইটের তথ্য ছক থেকে পছন্দ অনুযায়ী একটি কলেজ **Select** করলে আবেদনকারী সংশিষ্ট কলেজে তার ভর্তি যোগ্য **(Eligible)** বিষয়ের তালিকা দেখতে পাবে এবং এই তালিকা থেকে আবেদনকারীকে সতর্কতার সংগে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করতে হবে। এই পছন্দক্রম অনুসারে মেধার ভিত্তিতে বিষয় বরাদ্দ দেয়া হবে। |
| কোটা | মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক আবেদনকারীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা **Select** করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। |
| ছবি সংযোজন | প্রাথমিক আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ **120×150 pixels, Image Type: jpg** এবং **maximum file size:50Kb** হতে হবে। আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর ভর্তি বাতিল বলে গণ্য হবে। |
| ফরম চূড়ান্তকরণ | সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে প্রথমে ফরমটি **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে **প্রিন্ট/pdf কপি** সংগ্রহ করতে হবে। |

চলমান পাতা-২

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| আবেদন ফরম<br>বাতিলকরণ/ ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন | আবেদনকারীকে তার প্রাথমিক আবেদন ফরমের সকল তথ্য সঠিকভাবে যাচাই করতে হবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য প্রার্থীকে **Applicant Login** অপশনে **Honours Login** লিংকে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারী **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate the Security key** অপশনটি ক্লিক করলে তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** এন্ট্রি দিয়ে আবেদনকারী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও প্রকৃত ছবি আপলোড করতে পারবে। **তবে কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার পর তা আর বাতিল করা যাবে না। আবেদনকারী ছবি পরিবর্তনের সুযোগ মাত্র একবারই পাবে। |
| অত্র কলেজে<br>প্রাথমিক আবেদন ফি প্রদান | আবেদনকারীকে প্রাথমিক আবেদন ফরমের প্রিন্ট/পিডিএফ কপি সংরক্ষণ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা বিকাশ অ্যাপের মাধ্যমে জমা দিতে হবে। উল্লেখ্য যে, ফি জমাদানের সময় আবেদনকারী আবেদন ফরমের সাত ডিজিটের এডমিশন রোল 'স্টুডেন্ট আইডি' হিসেবে ব্যবহার করতে হবে।<br>প্রাথমিক আবেদন ফরম ফির উল্লিখিত টাকা বিকাশ অ্যাপসের মাধ্যমে নিম্নোক্ত পদ্ধতিতে পরিশোধ করতে হবে।<br>ধাপ ১ : **Bkash App** এ **Login** করতে হবে।<br>ধাপ ২ : আরো/More সিলেক্ট করতে হবে।<br>ধাপ ৩ : **Education** সিলেক্ট করতে হবে।<br>ধাপ ৪ : প্রতিষ্ঠানের নাম **(Gurudayal Government College)** সিলেক্ট করতে হবে।<br>ধাপ ৫ : স্টুডেন্ট আইডি দিতে হবে {ফি জমাদানের সময় আবেদনকারীকে তার আবেদন ফরমের সাত ডিজিটের এডমিশন রোল 'স্টুডেন্ট আইডি' হিসেবে ব্যবহার করতে হবে।}<br>ধাপ ৬ : পরবর্তী ধাপসমূহ যথাযথ সম্পন্ন করুন।<br>কলেজ কর্তৃক যে সকল প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করা হবে সে সকল আবেদনকারী তাদের মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে তা **'Confirmation Massage'** এ জানতে পারবে। প্রাথমিক আবেদন নিশ্চয়ন ব্যতীত কোন আবেদনকারীকেই মেধা তালিকায় অন্তর্ভুক্ত করা হবে না। যদি কোন আবেদনকারীর মোবাইল নম্বরে উল্লিখিত সময়ের মধ্যে **'Confirmation Message'** না পৌছে তবে তাদেরকে অনার্স ভর্তি কমিটির সাথে অনতিবিলম্বে যোগাযোগ করতে নির্দেশ দেয়া হলো। |

## নমুনা SMS

Dear John (আবেদনকারীর নাম)
Your application (Admission Roll:) is received by Govt Gurudyal college
NU Authority

প্রতিস্বাক্ষর

২২/১/২৪

(প্রফেসর আ.ন.ম. মুশতাকুর রহমান)
আইডি নং ০০০০২০৯৭
অধ্যক্ষ
গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ

২২/০১/২০২৪
আহ্বায়ক
১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি: ২০২৩-২৪
গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
গুরুদয়াল সরকারি কলেজ
কিশোরগঞ্জ

তারিখ ঃ ২২/০১/২০২৪ খ্রি.

## ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) কোর্সে এই কলেজে ভর্তীচ্ছু আবেদনকারীদের জানানো যাচ্ছে-

- অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করে নিজের কাছেই সংরক্ষণ করতে হবে যা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক মেধা তালিকা প্রকাশের পর ভর্তির সময় সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

- প্রাথমিক আবেদন ফি বাবদ ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা অনলাইনে আবেদন ফরম পূরণ ও ডাউনলোডের **একদিন পর** বিকাশ অ্যাপের মাধ্যমে জমা দেওয়া যাবে।

**জরুরি প্রয়োজনে- ০১৩০৯ ১১০৪৯৬**
**তথ্য ও অভিযোগ কেন্দ্র, গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ**

প্রতিস্বাক্ষর

22/1/24

(প্রফেসর আ.ন.ম. মুশতাকুর রহমান)
আইডি নং ০০০০২০৯৭
অধ্যক্ষ
গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ

22/1/2024
আহ্বায়ক
১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি: ২০২৩-২৪
গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ